Vol. 136 Issue 169

Chattagram Maa-O-Shishu Hospital

# Bulletin

For Internal Circulation Only

October - December 2013

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ৩৪ তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন

গত ৩১/১২/২০১৩ইং তারিখ চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ৩৪তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন করা হয়। এই উপলক্ষে হাসপাতালের সেমিনার হলে এক আলোচনা সভার আয়োজন করা হয়। হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম এর সভাপতিত্বে অনুষ্ঠিত




*চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ৩৪তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে কার্যনির্বাহী কমিটির সদস্য-সদস্যা ও হাসপাতালের কর্মকর্তা-কর্মচারীগণকে নিয়ে কেক কাটছেন কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম।*

আলোচনা সভায় বক্তব্য রাখেন কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট ডাঃ এম মাহফুজুর রহমান, ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন, ভারপ্রাপ্ত জেনারেল সেক্রেটারী জনাব মোঃ রেজাউল করিম আজাদ, কার্যনির্বাহী কমিটির সদস্য ডাঃ মোঃ আরিফুল আমীন, চমাশিহা মেডিকেল কলেজের জেনারেল সার্জারী বিভাগের অধ্যাপক ডাঃ সাদিক সাইফুর রহমান, ভারপ্রাপ্ত পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক, পরিচালক আইসিএইচ প্রফেসর মাহমুদ এ চৌধুরী, নিওনেটাল বিভাগের অধ্যাপক ও বিভাগীয় প্রধান প্রফেসর ডাঃ ওয়াজির আহমেদ, উপ-পরিচালক নার্সিং ডাঃ মোঃ লিয়াকত আলী ভূঁইয়া, নার্সিং এডভাইজার মিসেস মালতী বড়ুয়া, সহকারী পরিচালক (ফিন্যান্স) জনাব মনজুরুল আলম চৌধুরী প্রমুখ। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন কার্যনির্বাহী কমিটির সদস্য ইঞ্জিনিয়ার মোঃ জাবেদ আবছার চৌধুরী, ডাঃ মোঃ পারভেজ ইকবাল শরীফ, মেডিসিন বিভাগের অধ্যাপক ও বিভাগীয় প্রধান ডাঃ এ এম এম এহতেশামুল হক, শিশু স্বাস্থ্য বিভাগের অধ্যাপক ডাঃ মোঃ বদরুদ্দোজা, সহকারী পরিচালক (প্রশাসন) জনাব মোহাম্মদ মোশাররফ হোসাইন ও ডাঃ এ কে এম আশরাফুল করিম প্রমুখ। সভাতে বক্তারা চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ইতিহাস ও ঐতিহ্য নিয়ে আলোচনা করেন। সভায় বক্তারা বলেন, ছোট পরিসরে ১৯৭৯ সালে শুরু হওয়া শিশু হাসপাতাল আজ একটি বিশাল প্রতিষ্ঠানে পরিনত হয়েছে। চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল আজ বাংলাদেশে একটি অত্যন্ত সুপরিচিত ও মডেল প্রতিষ্ঠান হিসেবে রূপ লাভ করেছে। সরকারের পাশাপাশি বেসরকারী পর্যায়ে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল চিকিৎসা সেবা ও চিকিৎসা শিক্ষায় গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে। সভায় হাসপাতালের উত্তরোত্তর সাফল্য ও সমৃদ্ধি কামনা করা হয়। সভায় হাসপাতালের এই অগ্রযাত্রায় সরকারী, বেসরকারী, বিভিন্ন দাতা সংস্থা, কর্পোরেট প্রতিষ্ঠান ও সমাজের বিত্তশালী ব্যক্তিবর্গের সহায়তা কামনা করা হয়। ৩৪ তম প্রতিষ্ঠা বার্ষিকীতে হাসপাতালের প্রতিষ্ঠা লগ্ন থেকে যারা এই হাসপাতালের সাথে জড়িত ছিলেন আজ বেঁচে নেই তাঁদের আত্মার মাগফেরাত কামনা করা হয়। এই উপলক্ষে সকালে হাসপাতাল ক্যাম্পাসে কোরআন খানি ও দোয়া মাহফিলের আয়োজন করা হয় এবং গরীব রোগীদের খাওয়ার ব্যবস্থা করা হয়। অনুষ্ঠানে ৩৪তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে কেক কাটার আয়োজন করা হয়।

## চট্টগ্রাম মা-ও-শিশু হাসপাতালের ৮৫০ শয্যা বিশিষ্ট নতুন হাসপাতাল ভবনের ২য় ধাপের নির্মাণ কাজের জন্য বিল্ড এশিয়া কোম্পানীর সাথে চুক্তি সম্পাদন

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ৮৫০ শয্যা বিশিষ্ট নতুন হাসপাতাল ভবনের ২য় ধাপের নির্মাণ কাজের জন্য (বেইজমেন্ট থেকে ৬ তলা পর্যন্ত) বিল্ড এশিয়া কোম্পানীর সাথে Deed of Agreement সম্পাদন করা হয়। এই উপলে হাসপাতালের কনফারেন্স রুমে কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম এর সভাপতিত্বে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে হাসপাতালের পক্ষে কার্যনির্বাহী কমিটির ভারপ্রাপ্ত জেনারেল সেক্রেটারী জনাব মোঃ রেজাউল করিম আজাদ এবং বিল্ড এশিয়া কোম্পানীর পক্ষে কোম্পানীর প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ এহসানুল হক Deed of Agreement এ স্বাক্ষর করেন। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট ডাঃ এম মাহফুজুর রহমান, জনাব এস এম মোরশেদ হোসেন, ভারপ্রাপ্ত জেনারেল সেক্রেটারী জনাব মোঃ রেজাউল করিম আজাদ, কার্যনির্বাহী কমিটির সদস্য ও অনারারী প্রজেক্ট ডাইরেক্টর ইঞ্জিনিয়ার এম আলী আশরাফ, কার্যনির্বাহী কমিটির সদস্য ডাঃ মোঃ আরিফুল আমীন, ডাঃ কামরুন নাহার দস্তগীর, মিসেস রেখা আলম চৌধুরী, আলহাজ্ব শেখ মোহাম্মদ জাহাঙ্গীর, ইঞ্জিনিয়ার মোঃ জাবেদ আবছার চৌধুরী, জনাব এস এম কুতুব উদ্দিন, ডাঃ মোঃ পারভেজ ইকবাল শরীফ, মেডিকেল কলেজ গভর্নিং বডির সদস্য প্রফেসর ডাঃ মাসুদ আহমেদ, চমাশিহা মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর এ এস এম মোস্তাক আহমেদ, ভারপ্রাপ্ত পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক, সার্জারী বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর (ডাঃ) খন্দকার মোঃ বোরহান উদ্দিন, বিল্ড এশিয়ার জেনারেল ম্যানেজার (অপারেশন) জনাব দেওয়ান হাবিবুল হাসান প্রমুখ। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন প্রফেসর ডাঃ মাহমুদ আহমেদ চৌধুরী আরজু, প্রফেসর ডাঃ এ এম এম এহতেশামুল হক, প্রফেসর ডাঃ ওয়াজির আহমেদ, প্রফেসর ডাঃ মোঃ বদরুদ্দোজা, প্রফেসর ডাঃ হোসাইন আহমেদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী অনুরূপ চৌধুরী, সহকারী পরিচালক (প্রশাসন) জনাব মোহাম্মদ মোশাররফ হোসাইন এবং ডাঃ এ কে এম আশরাফুল করিম প্রমুখ। সভাপতি তাঁর বক্তব্যে বলেন, ১৩ তলা বিশিষ্ট নতুন এই হাসপাতাল ভবন নির্মাণ কাজের ১ম ধাপের পাইলিং কাজ ইতিমধ্যে শেষ হয়েছে। ২য় ধাপে বেজমেন্ট থেকে ৬ তলা পর্যন্ত ষ্ট্রাকচার নির্মাণ করা হবে। পর্যায়ক্রমে ১৩ তলা বিশিষ্ট ৮৫০ শয্যার এই হাসপাতাল ভবনের নির্মাণ কাজ শেষ করা হবে। এই প্রকল্প বাস্তবায়নে ১৮২ কোটি টাকা ব্যয় হবে। তিনি উক্ত প্রকল্প বাস্তবায়নে সরকারী/বেসরকারী দাতা সংস্থা ও দেশের সকল বিত্তবানদের এগিয়ে আসার জন্য উদাত্ত আহবান জানান। নতুন এই হাসপাতাল ভবনটির নির্মাণ কাজ শেষ হলে তা স্বাস্থ্য সেবায় সরকারের পাশাপাশি বেসরকারী পর্যায়ে গুরুত্বপূর্ণ অবদান রাখবে। নবনির্মিত এই হাসপাতালে স্বল্প খরচে সকল বিশেষায়িত চিকিৎসা সেবার ব্যবস্থা থাকবে।



*চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ৮৫০ শয্যাবিশিষ্ট নতুন হাসপাতাল ভবনের ২য় ধাপে নির্মাণ কাজের জন্য বিল্ড এশিয়া কোম্পানির সাথে চুক্তি সম্পাদন অনুষ্ঠানে স্ব স্ব পক্ষে চুক্তি সম্পাদনের পর দলিল হস্তান্তর করছেন হাসপাতালের ভারপ্রাপ্ত জেনারেল সেক্রেটারী জনাব মো. রেজাউল করিম আজাদ ও বিল্ড এশিয়ার প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এহেসানুল হক।*

## স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালে ১ (এক) কোটি টাকা অনুদান প্রদান

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের জন্য ২০১৩-১৪ অর্থবছরে Grant in Aid আওতায় এক কোটি টাকা অনুদান মঞ্জুর করা হয়। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব এম এম নিয়াজ উদ্দিন চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন এর নিকট ২০১৩-১৪ অর্থ বছরের জন্য এক কোটি টাকার অনুমোদন পত্র এবং প্রথম কিস্তির ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকার চেক হস্তান্তর করেন। গত ২০১২-১৩ অর্থ বছরেও স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের জন্য Grant in Aid হিসেবে এক কোটি টাকা প্রদান করা হয়েছিল। চেক হস্তান্তর কালে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সচিব জনাব এম এম নিয়াজ উদ্দিন বলেন, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল বেসরকারী পর্যায়ে একটি ভাল মানের হাসপাতাল হিসেবে সকলের কাছে সমাদৃত হয়েছে। তিনি আরো বলেন, এই অনুদান মা ও শিশু হাসপাতালের জন্য যথেষ্ট নয়। এটা ভাল মানের বেসরকারী হাসপাতাল হিসেবে সরকারের পক্ষ থেকে স্বীকৃতি মাত্র। তিনি এই হাসপাতালের উন্নয়ন কার্যক্রমে সমাজের বিত্তবানদের এগিয়ে আসার আহবান জানান। মা ও শিশু হাসপাতালের ভাইস প্রেসিডেন্ট এস এম মোরশেদ হোসেন এই অনুদানের জন্য হাসপাতালের পক্ষ থেকে সচিব মহোদয়ের মাধ্যমে সদাশয় সরকারকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান এবং আগামীতে এই অনুদানের পরিমাণ বৃদ্ধি করার জন্য অনুরোধ জানান। এখানে উল্লেখ্য, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ১৮২ কোটি টাকা ব্যয়ে ৮৫০ শয্যা বিশিষ্ট নতুন হাসপাতাল ভবনের নির্মাণ কাজ শুরু হয়েছে। ইতিমধ্যে প্রথম পর্যায়ের ১৭ কোটি টাকা ব্যয়ে ভবনের পাইলিং কার্যক্রম শেষ হয়েছে এবং ২য় ধাপে (৬ তলা পর্যন্ত) নির্মাণ কাজ শুরু করা হয়েছে।



*স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের জন্য ২০১৩-১৪ অর্থবছরে Grant in Aid খাতে অনুদানের ১ম কিস্তির চেক হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট এস এম মোরশেদ হোসেন এর নিকট হস্তান্তর করছেন মন্ত্রণালয়ের সচিব জনাব এম এম নিয়াজ উদ্দিন।*

## ইউনেস্কো ক্লাব কর্তৃক চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিমকে সম্মাননা প্রদান



*ইউনেস্কো ক্লাব কর্তৃক চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিমকে সম্মাননা ক্রেস্ট প্রদান করছেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ*

জাতিসংঘ শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক সংগঠন ইউনেস্কো ক্লাব কর্তৃক মা ও শিশু হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিমকে চিকিৎসা সেবায় অনন্য অবদানের জন্য বিশেষ সম্মাননা প্রদান করা হয়। গত ২৮/১২/২০১৩ইং নগরীর হোটেল আগ্রাবাদে অনুষ্ঠিত এক অনুষ্ঠানে এই সম্মাননা প্রদান করা হয়। ইউনেস্কো ক্লাব কর্তৃক এ বছর মানব কল্যাণ ও শিক্ষা প্রসারে আরো যাদের সম্মাননা প্রদান করা হয় তারা হলেন- পিএইচপি গ্রুপের চেয়ারম্যান আলহাজ্ব সুফী মোহাম্মদ মিজানুর রহমান, চট্টগ্রাম প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম, চট্টগ্রাম মেডিকেল কলেজের মেডিসিন বিভাগের অধ্যাপক ও বিভাগীয় প্রধান প্রফেসর মো. আবু সাঈদ ও নারী নেত্রী ববিতা বড়ুয়া। ইউনেস্কোর একাডেমিক ডেভেলপমেন্ট প্রজেক্টের চেয়ারম্যান ডা. যদু দাশগুপ্তের সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক আনোয়ারুল আজিম আরিফ, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাউদার্ন ইউনিভার্সিটির ভাইস চেয়ারম্যান জনাব শফিক আহমেদ ও মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিচালক জনাব খুশীমোহন বিশ্বাস।

অনুষ্ঠানে বক্তরা বলেন গুণী ব্যক্তিদের সম্মান দেয়া না হলে সমাজে গুণীজন জন্মাবে না। গুণীজন না থাকলে সে সমাজ হবে অন্ধকারাচ্ছন্ন। সমাজে গুণীজন যত বাড়বে সমাজ তত সুন্দর ও আলোকিত হবে। তাই সকলকে গুণীজনদের প্রকৃত গুণাবলী অর্জন করতে হবে।

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম তার এ সম্মাননা চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের সকল আজীবন সদস্য-সদস্যা, কার্যনির্বাহী কমিটির সদস্য-সদস্যা ও হাসপাতালের সকল ডাক্তার-নার্স ও কর্মকর্তা কর্মচারীগণকে উৎসর্গ করেন। তিনি বলেন, এই পুরস্কার বা এ সম্মান আমার একার নয়। এটি মা ও শিশু হাসপাতাল পরিবারের সকলের প্রাপ্য।

## জিলানী কমপ্লেক্স বাংলাদেশ কর্তৃক চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালকে চিকিৎসা সেবায় অনন্য ভূমিকার জন্য সম্মাননা প্রদান



*মাননীয় তথ্য মন্ত্রী জনাব হাসানুল হক ইনুর কাছ থেকে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের পক্ষে সম্মাননা ক্রেস্ট গ্রহণ করছেন হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন।*

জিলানী কমপ্লেক্স বাংলাদেশ কর্তৃক গত ২০ অক্টোবর ২০১৩ ইং তারিখ ঢাকায় সুপ্রিম কোর্ট বার এসোসিয়েশন মিলনায়তনে ইন্টারন্যাশনাল ইসলামিক কনফারেন্স ও গুণীজন সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। শাহজাদা সৈয়দ সাইফুদ্দিন আহমেদ আল হাসানী আল মাইজভান্ডারীর সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মাননীয় তথ্য মন্ত্রী জনাব হাসানুল হক ইনু। অনুষ্ঠানে Islam & Muslim Contribution in the world Civilisation শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজি এর উপাচার্য প্রফেসর ডঃ এম ইমতিয়াজ হোসাইন। অনুষ্ঠানে বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানকে সমাজ সেবা ও স্ব-স্ব বিষয়ে বিশেষ অবদানের স্বীকৃতি হিসেবে সম্মাননা প্রদান করা হয়। স্বাস্থ্য সেবায় বিশেষ করে শিশু স্বাস্থ্য সেবায় অনন্য অবদানের জন্য চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালকে অনুষ্ঠানে সম্মাননা প্রদান করা হয়। প্রধান অতিথি মাননীয় তথ্য মন্ত্রী জনাব হাসানুল হক ইনুর কাছ থেকে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের পক্ষে সম্মাননা ক্রেষ্ট গ্রহণ করেন হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন। অনুষ্ঠানে বিভিন্ন দেশের রাষ্ট্রদূত, শিক্ষাবিদ, সমাজ সেবক ও সমাজের গন্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

## চট্টগ্রাম মা-ও-শিশু ও জেনারেল হাসপাতালে শিশু এইচডিইউ ইউনিটের আনুষ্ঠানিক উদ্বোধন

চট্টগ্রাম মা-শিশু ও জেনারেল হাসপাতালে শিশু এইচডিইউ ইউনিট গত ০৭/১২/২০১৩ ইং তারিখ আনুষ্ঠানিক ভাবে উদ্বোধন করা হয়। চট্টগ্রাম বন্দর লাইটারেজ ঠিকাদার সমিতির সভাপতি আলহাজ্ব শফিক আহমেদ আনুষ্ঠানিক ভাবে শিশু এইচডিইউ ইউনিটের উদ্বোধন করেন। এ উপলক্ষে হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম এর সভাপতিত্বে হাসপাতালের কনফারেন্স রুমে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বন্দর লাইটারেজ ঠিকাদার সমিতির সহ সভাপতি বাবু অমল চন্দ্র দাশ, সহ-সভাপতি লায়ন আলহাজ্ব হাকিম আলী, হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট প্রফেসর এম এ তাহের খান, ডাঃ এম মাহফুজুর রহমান, জনাব এস এম মোরশেদ হোসেন, ভারপ্রাপ্ত জেনারেল সেক্রেটারী জনাব মোঃ রেজাউল করিম আজাদ, জয়েন্ট জেনারেল সেক্রেটারী আলহাজ্ব নুর মোহাম্মদ, ট্রেজারার জনাব আবদুল মান্নান রানা, কার্যনির্বাহী কমিটির সদস্য ইঞ্জিনিয়ার এম আলী আশরাফ, ডাঃ মোঃ আরিফুল আমীন, ডাঃ কামরুন নাহার দস্তগীর, মিসেস রেখা আলম, ডাঃ মোঃ ফয়সাল ইকবাল চৌধুরী, আলহাজ্ব শেখ মোহাম্মদ জাহাঙ্গীর প্রমুখ। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন বন্দর লাইটারেজ ঠিকাদার সমিতির সাধারণ সম্পাদক মোঃ আজিজুর রহমান, সহ-সাধারণ সম্পাদক এম এ মুসা বাবলু, হাসপাতালের কার্যনির্বাহী কমিটির সদস্য ইঞ্জিনিয়ার মোঃ জাবেদ আবছার চৌধুরী, জনাব মোঃ আনোয়ারুল ইসলাম, ডাঃ মোঃ পারভেজ ইকবাল শরীফ, ভারপ্রাপ্ত পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক, শিশু স্বাস্থ্য বিভাগের অধ্যাপক ও পরিচালক-আইসিএইচ প্রফেসর মাহমুদ আহমেদ চৌধুরী আরজু, শিশু স্বাস্থ্য বিভাগের অধ্যাপক ডাঃ মোঃ বদরুদ্দোজা, উপ-পরিচালক (নার্সিং) ডাঃ মোঃ লিয়াকত আলী ভূঁইয়া, সহকারী পরিচালক (প্রশাসন) জনাব মোহাম্মদ মোশাররফ হোসাইন, ডাঃ এ কে এম আশরাফুল করিম, সহকারী পরিচালক (ফিন্যান্স) জনাব মোঃ মনজুরুল আলম চৌধুরী, তত্ত্বাবধায় প্রকৌশলী অনুরূপ চৌধুরী প্রমুখ। প্রধান অতিথি আলহাজ্ব শফিক আহমেদ তার বক্তব্যে বলেন, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল এই অঞ্চলের মানুষের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি প্রতিষ্ঠান। এই অঞ্চলের ব্যবসায়ী নেতৃবৃন্দ সহ সকলের উচিৎ এ ধরনের একটি প্রতিষ্ঠানের উন্নয়নে এবং সহযোগিতায় এগিয়ে আসা। বিশেষ করে তিনি চট্টগ্রামের ব্যবসায়ী নেতৃবৃন্দ ও চেম্বার নেতৃবৃন্দকে মা ও শিশু হাসপাতালের উন্নয়নে এগিয়ে আসার আহবান জানান। তিনি তার নিজের ও পরিবারের পক্ষ থেকে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের উন্নয়নে সর্বাত্মক সহযোগিতার আশ্বাস প্রদান করেন। কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম প্রধান অতিথি আলহাজ্ব শফিক আহমেদ ও লাইটারেজ ঠিকাদার সমিতির নেতৃবৃন্দকে হাসপাতাল পরিদর্শনে আসার জন্য আন্তরিক ধন্যবাদ জানান। এর আগে প্রধান অতিথি আনুষ্ঠানিকভাবে হাসপাতালের শিশু এইচডিইউ ইউনিটের আনুষ্ঠানিক ভাবে উদ্বোধন করেন।



*চট্টগ্রাম মা-শিশু ও জেনারেল হাসপাতালের নবনির্মিত শিশু এইচডিইউ ইউনিটের উদ্বোধন করছেন বিশিষ্ট ব্যবসায়ী, চট্টগ্রাম বন্দর লাইটারেজ ঠিকাদার সমিতির সভাপতি আলহাজ্ব শফিক আহমেদ*

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের শিশু বিকাশ কেন্দ্রের প্লে গ্রাউন্ডের জন্য ২ লক্ষ টাকা অনুদান প্রদান

বিশিষ্ট সমাজ সেবিকা মিসেস ফাতেমা ইসলাম চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের শিশু বিকাশ কেন্দ্রের প্লে গ্রাউন্ডের বিভিন্ন খেলনা সামগ্রী ক্রয়ের জন্য ২ লক্ষ টাকা অনুদান প্রদান করেন। গত ২১/১১/২০১৩ ইং তারিখ তিনি হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম এর নিকট আনুষ্ঠানিক ভাবে উক্ত ২ লক্ষ টাকার একটি চেক হস্তান্তর করেন। এ সময় হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট ডাঃ এম মাহফুজুর রহমান, ভারপ্রাপ্ত জেনারেল সেক্রেটারী জনাব মোঃ রেজাউল করিম আজাদ, কার্যনির্বাহী কমিটির সদস্য জনাব এস এম কুতুব উদ্দিন, ভারপ্রাপ্ত পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক, সহকারী পরিচালক (প্রশাসন) জনাব মোহাম্মদ মোশাররফ হোসাইন ও ডাঃ এ কে এম আশরাফুল করিম উপস্থিত ছিলেন। হাসপাতালের শিশু বিকাশ কেন্দ্রে চিকিৎসার জন্য আগত প্রতিবন্ধি শিশুদের জন্য আধুনিক খেলনা সামগ্রীর সমন্বয়ে এই প্লে গ্রাউন্ডটি নির্মাণ করা হয়। কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম মিসেস ফাতেমা ইসলামকে তার এই মহতী উদ্যোগের জন্য আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। উল্লেখ্য, মিসেস ফাতেমা ইসলাম হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ভারপ্রাপ্ত জেনারেল সেক্রেটারী জনাব মোঃ রেজাউল করিম আজাদ এর সহধর্মীনি।



*চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের শিশু-বিকাশ কেন্দ্রের প্লে গ্রাউন্ডের জন্য কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট এ এস এম ফজলুল করিম-এর নিকট ২ লক্ষ টাকার চেক হস্তান্তর করছেন বিশিষ্ট সমাজ সেবিকা মিসেস ফাতেমা ইসলাম।*

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের নতুন ইন্টার্নী ডাক্তারদের Oath Taking ও ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের নবাগত ইন্টার্নী ডাক্তারদের Oath Taking ও ওরিয়েন্টেশন প্রোগ্রাম গত ০৮/১০/২০১৩ ইং তারিখ হাসপাতালের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে নতুন ইন্টার্নী ডাক্তারদের শপথ পাঠ করান কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম।



*চট্টগ্রাম মা-শিশু হাসপাতাল মেডিকেল কলেজের নতুন ইন্টার্নী ডাক্তারদের শপথ বাক্য পাঠ করাচ্ছেন কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম*

অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের প্রতিষ্ঠাতা প্রিন্সিপাল ও কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট প্রফেসর এম এ তাহের খান, চট্টগ্রাম মেডিকেল কলেজের সাবেক অধ্যক্ষ ও হাসপাতালের কার্যনির্বাহী কমিটির সদস্য প্রফেসর সৈয়দা নুরজাহান ভূঁইয়া, কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট ডাঃ এম মাহফুজুর রহমান, ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন, কলেজ প্রিন্সিপাল প্রফেসর এ এস এম মোস্তাক আহমেদ, ভারপ্রাপ্ত পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক, বায়োকেমিষ্ট্রি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর নাসরিন চৌধুরী, মাইক্রোবায়োলজি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর নাহিদ সুলতানা ও মেডিসিন বিভাগের বিভাগীয় প্রধান ডাঃ এ এম এম এহতেশামুল হক। সভায় নবাগত চিকিৎসকদের শুভেচ্ছা জানানো হয়। সভায় বক্তারা বলেন, ইন্টার্নীশিপের এক বছর সময় অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ সময় হাতে কলমে প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। সুতরাং এই এক বছর সময় যথাযথ ভাবে কাজে লাগাতে হবে। এছাড়া সভায় নবাগত ইন্টার্নী ডাক্তারদের একজন ভাল চিকিৎসক হওয়ার সাথে সাথে একজন ভাল মানুষ হওয়ার উপর গুরুত্বারোপ করা হয়। শপথের বিষয়বস্তু সমূহ সারা জীবন অনুসরণ ও নিজের মধ্যে ধারণ করার উপর গুরুত্বারোপ করা হয়। সভায় কলেজের শিক্ষক/শিক্ষিকা ও নবাগত ইন্টার্নী ডাক্তারদের অভিভাবকগণকেও ধন্যবাদ জানানো হয়। অনুষ্ঠানে মেডিকেল কলেজের শিক্ষক/শিক্ষিকা ও নবাগত ইন্টার্নী ডাক্তারদের অভিভাবকগণ উপস্থিত ছিলেন।

## রেড ক্রস ইন্টারন্যাশনাল এর (আইসিআরসি) প্রতিনিধি দলের চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল পরিদর্শন



*রেড ক্রস ইন্টারন্যাশনাল এর (আইসিআরসি) প্রতিনিধি দল চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল পরিদর্শন করছেন।*

ইন্টারন্যাশনাল কমিটি অব রেড ক্রসের একটি প্রতিনিধি দল গত ১২/১১/২০১৩ ইং তারিখ চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল পরিদর্শন করেন। প্রতিনিধি দলে আইসিআরসি এর প্রটেকশন ডেলিগেট হাসিম ইয়াগুব এর নেতৃত্বে অন্যান্যর মধ্যে চট্টগ্রাম সিটি যুব রেড ক্রিসেন্টের সদস্য মিসেস সাফকাত জাহান চৌধুরী ও জনাব মোঃ মহসিন উদ্দিন চৌধুরী উপস্থিত ছিলেন। পরিদর্শনকালে রেড ক্রিসেন্ট প্রতিনিধি দল হাসপাতাল কর্তৃপক্ষের সাথে এক সৌজন্য বৈঠকে মিলিত হন। এ সময় হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন, ভারপ্রাপ্ত পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নুরুল হক, উপ-পরিচালক (নার্সিং) আলহাজ্ব ডাঃ মোঃ লিয়াকত আলী ভূঁইয়া, সহকারী পরিচালক (প্রশাসন) জনাব মোহাম্মদ মোশাররফ হোসাইন, ডাঃ এ কে এম আশরাফুল করিম উপস্থিত ছিলেন। প্রতিনিধি দল সভাকে অবহিত করেন যে, রেড ক্রিসেন্টের পক্ষ থেকে তারা একটি কর্মসূচী হাতে নিয়েছে। রেড ক্রিসেন্টের পক্ষ থেকে চলমান হরতাল কর্মসূচীতে আহত লোকদের চিকিৎসা সেবার জন্য একটি টিম গঠন করা হয়েছে। উক্ত টিম হরতালে আহত রোগীদের প্রাথমিক চিকিৎসা শেষে নিকটস্থ হাসপাতালে প্রেরণের ব্যবস্থা করবেন। আগ্রাবাদ এলাকায় এ ধরনের রোগীদেরকে মা ও শিশু হাসপাতালে প্রেরণ করা হবে। এ ব্যাপারে রেড ক্রিসেন্টের পক্ষ থেকে হাসপাতাল কর্তৃপক্ষের সহযোগিতা কামনা করা হয়। হাসপাতালের পক্ষ থেকে রোগীদের জন্য যেকোন সহযোগিতা করা হবে মর্মে প্রতিনিধি দলকে জানানো হয়। এর আগে রেড ক্রিসেন্ট প্রতিনিধি দল হাসপাতালের বিভিন্ন বিভাগ সমূহ পরিদর্শন করেন। তারা হাসপাতালের সার্বিক কার্যক্রমে খুবই সন্তোষ প্রকাশ করেন।

## চাইল্ড হেভেন ইন্টারন্যাশনাল এর প্রতিনিধি দলের চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল পরিদর্শন

কানাডা ভিত্তিক স্বেচ্ছাসেবী সংগঠন চাইল্ড হেভেন ইন্টারন্যাশনাল এর একটি প্রতিনিধি দল গত ২৫/১১/২০১৩ ইং তারিখ চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল পরিদর্শন করেন। প্রতিনিধি দলে চাইল্ড হেভেন এর ইন্টারন্যাশনাল ডাইরেক্টর বনি কাপাচিনো, ডাইরেক্টর রবিন কাপাচিনো ও বাংলাদেশের সমন্বয়কারী জনাব সাইফুল আজিজ উপস্থিত ছিলেন। এ সময় হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন, ভারপ্রাপ্ত জেনারেল সেক্রেটারী মোঃ রেজাউল করিম আজাদ, কার্যনির্বাহী কমিটির সদস্য ডাঃ মোঃ পারভেজ ইকবাল শরীফ ও সহকারী পরিচালক (প্রশাসন) জনাব মোহাম্মদ মোশাররফ উপস্থিত ছিলেন। প্রতিনিধি দল হাসপাতালের বিভিন্ন বিভাগ সমূহ পরিদর্শন করেন এবং হাসপাতালের সার্বিক কার্যক্রমে খুবই প্রশংসা করেন। ভারপ্রাপ্ত জেনারেল সেক্রেটারী জনাব মোঃ রেজাউল করিম আজাদ চাইল্ড হেভেন ইন্টারন্যাশনাল এর প্রতিনিধি দলকে আন্তরিক ধন্যবাদ জানান। উল্লেখ্য, চাইল্ড হেভেন ইন্টারন্যাশনাল ও বনি কাপাচিনো চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের দাতা সদস্য।



*চাইল্ড হেভেন ইন্টারন্যাশনাল এর প্রতিনিধি দল চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল পরিদর্শন করছেন।*

## CHATTAGRAM MAA-SHISHU O GENERAL HOSPITAL

Agrabad, Chittagong.

Hospital Activities for the Month **October to December 2013**

| **Out Patient Dept. :** | **Oct '13** | **Nov '13** | **Dec '13** |
|---|---|---|---|
| Paediatric (Ticket) | 4644 | 3747 | 3818 |
| Paediatric Medicine | 4644 | 3747 | 3818 |
| Adult Patient (Medicine) | 1146 | 1190 | 985 |
| **Consultancy Service :** | | | |
| Consultancy Service (Paediatric) | 746 | 933 | 771 |
| Consultancy Service (Adult) | 359 | 346 | 258 |
| Obs. & Gynae | 1373 | 1629 | 1545 |
| Surgical (Paediatric) | 349 | 383 | 477 |
| Surgical (General) | 496 | 349 | 336 |
| Mini O.T. | 533 | 284 | 412 |
| ENT | 656 | 465 | 857 |
| Orthopaedics | 634 | 574 | 558 |
| Skin Diseases | 583 | 598 | 593 |
| Eye | 321 | 295 | 504 |
| Dental Cases | 361 | 317 | 294 |
| ORT | 38 | 35 | 47 |
| Psychology | 403 | 195 | 280 |
| Neurology | 173 | 135 | 123 |
| Asthma Clinic | 133 | 135 | 23 |
| Family Planning | 113 | 150 | 280 |
| Psychiatry | 126 | 131 | 122 |
| Dots Corner | 77 | 70 | 77 |
| Spech Therapy | 130 | 541 | 140 |
| Physiotherapy | 382 | 515 | 643 |
| L.M.C | 52 | 50 | 68 |
| Referred Casses | 147 | 101 | 128 |
| E.P.I | 1200 | 1156 | 1756 |
| Gastroenterology Unit | 79 | 99 | 64 |
| **In-Patient Department :** | | | |
| Paediatric (Admission) | 3498 | 3418 | 3429 |
| Maternity (Admission) | 618 | 551 | 517 |
| Neonatal (Admission) | 212 | 231 | 223 |
| Adult Medicine (Admission) | 460 | 433 | 472 |
| CCU (Admission) | 28 | 32 | 20 |
| Paediatric Surgery (Admission) | 166 | 114 | 119 |
| Paediatric Surgery (Operation) | 117 | 102 | 165 |
| Operation Obs. & Gynae | 305 | 291 | 279 |
| General Surgery (Admission) | 134 | 145 | 146 |
| General Surgery (Operation) | 16 | 21 | 24 |
| Orthopadic Surgery (Admission) | 51 | 54 | 58 |
| Orthopadic Surgery (Operation) | 18 | 28 | 21 |
| E.N.T. (Admission) | 19 | 20 | 16 |
| E.N.T. (Operation) | 07 | 09 | 12 |
| Eye (Admission) | - | - | - |
| Cabin (Admission) | 345 | 357 | 356 |
| Pathology | 4410 | 4477 | 4532 |
| Radiology | 2165 | 2056 | 1897 |
| Ultrasanography | 692 | 715 | 783 |
| E.C.G | 340 | 358 | 528 |
| Kidney Dialysis | 247 | 264 | 299 |
| Echocardiogram | 30 | 71 | 107 |
| Emergency | 3425 | 3985 | 3525 |
| Total Deth | 57 | 70 | 85 |
| Hospital Income | 22938484 | 22450753 | 23083133 |
| Othe Income | **3345287** | **1433578** | **1499782** |

### *DONORS OF -October, November & December-2013*

| **Materials** | **October** | **November** | **December** |
|---|---|---|---|
| Modus International. (Head box) | 32000 | 0 | 0 |
| Mrs Suriya K . Chowdhury(Nebulizer Machine) | 0 | 6000 | 0 |
| Dr. Fahim Reza.(Monitor Stand) | 0 | 4000 | 0 |
| The Ibn sina pharmaceuticals.Ind.Ltd.(Computer) | 0 | 0 | 30000 |
| Moon scientific & Surgical Mart. (OT consumable) | 0 | 0 | 3240 |
| **Total :** | **32000** | **10000** | **33240** |
| **Medicin Received:** | | | |
| Prof,Dr. Mahmud A Chy.( Arzo) | 813 | 2567 | 0 |
| The ACME Laboratoris Ltd. | 3600 | 0 | 0 |
| Prof. Dr. Badruddoza. | 0 | 1330 | 0 |
| The Ibn sina Pharmaceuticals Ind. Ltd. | 0 | 1850 | 0 |
| Apo Barua. | 0 | 0 | 5508 |
| **Total :** | **4413** | **5747** | **5508** |
| **Cash:** | | | |
| Parking International. | 0 | 120895 | 0 |
| Chittagong Stock Exchang. | 650000 | 0 | 650000 |
| Syed Md. Nur Uddin. | 0 | 500000 | 0 |
| C. M. P. Donation. | 30000 | 0 | 30000 |
| GOB.Grant (Ministry of Health) | 2500000 | 0 | 0 |
| Fatima Islam. | 0 | 200000 | 0 |
| Mr. Yakub. | 0 | 0 | 10000 |
| Dr, Nurul Haque . | 0 | 0 | 500 |
| Mr Abdus Salam. | 0 | 0 | 500000 |
| | **3180000** | **820895** | **1190500** |
| **Donation of The Month:** | **3216413** | **836642** | **1229248** |
| **Benevolent Fund Received:** | | | |
| Chattagram Maa,Shishu-O-General Hospital. | 213055 | 229385 | 224508 |
| Received From M.R Card. | 15600 | 32200 | 9000 |
| Mrs. Nadera Banu Begum. | 10000 | 0 | 0 |
| All employee of Chattagram Maa-o- Shishu Hospital. | 97295 | 0 | 0 |
| Accounts department.(CMOSH) | 0 | 0 | 500 |
| **Total:** | **335950** | **261585** | **234008** |
| **Zakat Received:** | **600000** | **78000** | **10000** |

## Chattagram Maa-O-Shishu Hospital

***Chattagram Maa-O-Shishu Hospital Bulletin* ● October - December 2013**

**BOOK POST / PRINTED MATTERS**

**To,**

**Postage**

If undelivered please return to:

**Chattagram Maa-O-Shishu Hospital**

Jambooree Field, Agrabad, Chittagong, Bangladesh.

Phone : 880-31-718521 / 718525/711236/2520063, Fax : 880-31-2525409

E-mail : cmosh@globalctg.net **Web Site : www.maa-shishu-ctg.org**

# চট্টগ্রাম মা-শিশু ও জেনারেল হাসপাতালে বিদ্যমান চিকিৎসাসেবা সমূহ :

## বহির্বিভাগ

১. মেডিসিন
২. শিশু স্বাস্থ্য
৩. নিওনেটলজি
৪. শিশু নিওরোলজি
৫. জেনারেল সার্জারী
৬. অর্থোপেডিক সার্জারী
৭. শিশু সার্জারী
৮. ইউরোলজি
৯. অবস এন্ড গাইনী
০. নাক-কান-গলা
১. চক্ষু
২. চর্ম ও যৌন রোগ
৩. মানসিক রোগ
৪. দন্ত
৫. ফিজিক্যাল মেডিসিন
৬. পরিবার পরিকল্পনা
৭. ডটস কর্নার (যক্ষা রোগীদের বিনামূল্যে চিকিৎসা ও ঔষধ প্রদান)
৮. ইপিআই
৯. বিশেজ্ঞ চিকিৎসকগণের কনসাল-টেন্সি সার্ভিস
২০. ২৪ ঘন্টা ইমার্জেন্সি সার্ভিস
২১. ইভিনিং আউটডোর সার্ভিস

## বিশেষায়িত সেবা

১. হেমোডায়ালাইসিস ইউনিট (কিডনী রোগীদের ডায়ালাইসিস সেবা)
২. এডাল্ট আইসিইউ, সিসিইউ ও এইচডিইউ সার্ভিস
৩. পেডিয়েট্রিক্স আইসিইউ, সিসিইউ ও এইচডিইউ সার্ভিস
৪. নিওনেটাল আইসিইউ (এনআইসিইউ) সার্ভিস
৫. ল্যাপারোস্কোপিক সার্জারী
৬. ইউরোলজি সার্জারী
৭. পেডিয়েট্রিকস্ ল্যাপারোস্কোপিক সার্জারী
৮. প্লাষ্টিক সার্জারীসহ শিশু সার্জারী বিভাগের সকল জটিল অপারেশন
৯. শারীরিক ও মানসিক প্রতিবন্ধি শিশুদের চিকিৎসা সেবার জন্য অত্যাধুনিক সুযোগ-সুবিধাসহ শিশু বিকাশ কেন্দ্র।
১০. এ্যাজমা সেন্টার
১১. ডায়বেটিক ও হাইপারটেনশন ক্লিনিক
১২. সাব-স্পেশালিটি ক্লিনিক
১৩. পেরিটোনিয়াল ডায়ালাইসিস সার্ভিস
১৪. ক্লাব ফুট সার্ভিস

## ব্লাড ব্যাংক

১. ২৪ ঘন্টা ব্লাড ট্রান্সফিউশন সার্ভিস
২. থেলাসেমিয়া রোগীদের সার্বক্ষণিক রক্ত দেয়ার ব্যবস্থা

## আন্তঃ বিভাগ

১. মেডিসিন ২. শিশু স্বাস্থ্য
৩. নিওনেটলজি
৪. শিশু নিওরোলজি
৫. জেনারেল সার্জারী
৬. অর্থোপেডিক সার্জারী
৭. শিশু সার্জারী ৮. ইউরোলজি
৯. নেফ্রোলজি
১০. অবস্ এন্ড গাইনী
১১. নাক-কান-গলা ১২. চক্ষু

## আধুনিক ডায়গনষ্টিক সার্ভিস

১. কালার ডপলার
২. ইকোকার্ডিওগ্রাফি
৩. আল্ট্রাসনোগ্রাফি
৪. ভিডিও এন্ডোসকপি, ইআরসিপি
৫. এক্সরে
৬. ই.সি.জি, ই.ই.জি
৭. ক্লিনিক্যাল প্যাথলজি
৮. বায়োকেমিস্ট্রি
৯. মাইক্রোবায়োলজি
১০ হিষ্টোপ্যাথলজি
১১. সাইটোপ্যাথলজি

**হাসপাতালে স্বল্প মূল্যে আইসিইউ এ্যাম্বুলেন্স সার্ভিস ও ২৪ ঘন্টা এ্যাম্বুলেন্স সার্ভিস প্রদান করা হয়।**

**EDITORIAL BOARD :**

Chief Editor : **Dr. Anjuman Ara Islam** • Executive Editor : **Nur Mohammad,**
Editor : **Md. Rezaul Karim Azad** • Published by : **Engineer Md. Jabed Absar Chowdhury**

Printed by : **Pack Art & Roby Printers. Phone : 626333**